দৈনিক বাংলা

তারিখ ৩.৮.৭৯ পৃষ্ঠা ৩ কলাম ২

# "মেডিক্যাল কলেজে ভর্তির জন্য মৌখিক পরীক্ষা প্রসঙ্গে"

আমরা মেডিক্যাল কলেজে ভর্তির জন্য বর্তমান পদ্ধতিকে নম্বর সিষ্টেম-এর চাইতে উত্তম মনে করিয়াছিলাম। বর্তমানে মৌখিক পরীক্ষায় বিভিন্ন রকম জালিয়াতি এবং স্বজন-প্রীতির আশ্রয় চলিতেছে। ফলে ভাল এবং মেধাবী ছাত্ররা ভর্তির সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। আমাদের এই প্রসঙ্গে এস, এস, সি এবং এইচ, এস, সি'র মোট নম্বরের সাথে মৌখিক পরীক্ষার নম্বর যোগ দেওয়ার জন্য আবেদন করিতেছি। কারণ যাহারা দুই পরীক্ষায় ১২০০ নম্বর পাইবে এবং মৌখিক পরীক্ষার স্বজনপ্রীতির জন্য ৪০ নম্বর পাইলে মোট পাইবে ১৬০ নম্বর। ফলে ভাল ছাত্ররা মৌখিক পরীক্ষায় নম্বর পাইয়াও খারাপ ছাত্রদের চেয়ে কম নম্বর পাইতেছে। অতএব, আমাদের আবেদন, উক্ত মৌখিক পরীক্ষার নম্বর মোট নম্বরের সাথে যোগ দেওয়া হউক। এই ব্যাপারে আমরা উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—ওমর ফারুক,
কাজী মিজানুর রহমান(কচি),
মোঃ জাকির হোসেন,
ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজ, বরিশাল